

## 💵 উসীলা গ্রহণ: বৈধ ও অবৈধ পন্থা

বিভাগ/অধ্যায়ঃ পরিশিষ্ট

রচয়িতা/সঙ্গলকঃ ইসলামহাউজ.কম

## পরিশিষ্ট

হে আল্লাহ! আপনার সুন্দর নাম ও সুউচ্চ গুণাবলীর উসীলায় আপনার নিকট প্রার্থনা করছি এবং আপনার নৈকট্য কামনা করছি। হে আল্লাহ! আপনার প্রতি আমাদের ঈমান, আপনার নবীর প্রতি আমাদের ভালোবাসা, তাঁর সুন্নাতের অনুসরণ এবং আমাদের নেক আমল, যেগুলোর পিছনে আপনার সন্তুষ্টি লাভই শুধু আমাদের উদ্দেশ্য ছিল, এগুলোর উসীলায় আপনার কাছে আমাদের চাওয়া যে, আপনি আপনার একত্ববাদে বিশ্বাসী বান্দা হিসাবে আমাদেরকে কবুল করুন। আমাদেরকে আপনার পথের অনুসারী, আপনার পথে আহবানকারী এবং আপনার নবীর হিদায়াত ও হকের ওপর প্রতিষ্ঠিত করুন। আমাদেরকে আমাদের শক্রদের বিরুদ্ধে সাহায্য করুন। নিশ্চয় আপনি সর্বশ্রোতা ও আহ্বানে সাড়া দানকারী। আর সালাত ও সালাম বর্ষিত হোক আমাদের নবী সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম, তাঁর পরিবার-পরিজন, সকল সাহাবী ও কিয়ামত পর্যন্ত তাঁর অনুগামীদের প্রতি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9861

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন